

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
২৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
(সংস্থাপন শাখা-১)
www.dlrs.gov.bd

স্মারক নং- ৩১.০৩.২৬৯২.০০২.২৭.১১০.১৫- ২০৬৯

তারিখঃ ০৫/১৪২৩ বঙ্গাব্দ
০৮/২০১৬ খ্রিস্টাব্দ

আদেশ

নোয়াখালী জোনের অধীন ফেনী জেলার সদর উপজেলার প্রাক্তন পেশকার জনাব মোঃ জয়নাল আবেদীন এর বিরুদ্ধে জেলা দুর্নীতি দমন কর্মকর্তা, ফেনী দণ্ডবিধির ১৬১ ধারা এবং দুর্নীতি প্রতিরোধ আইন-১৯৭৪ এর ৫(২) ধারায় গ্রেফতার হওয়ায় নোয়াখালী জোনের ৩০/১০/২০০৪খ্রি. তারিখের ০৪/১০৬/সাঃ/০৪-১৮৯৬ নং স্মারকাদেশের প্রস্তাব মোতাবেক ১২/১০/২০০৪খ্রি. তারিখের মামলা নং-১২ এর প্রেক্ষিতে অধিদপ্তরের ২০/১১/২০০৪খ্রি. তারিখের প্রাতিঃ/৫৮/২০০২/১১৫৩/১(৬) নং স্মারকে সাময়িকভাবে চাকুরী হতে বরখাস্ত করা হয়।

মামলা নং-১২ এর বরাতে পরবর্তীতে বিশেষ জজ আদালত, নোয়াখালীতে বিশেষ মামলা নং-০৫/২০১০ রুজু করা হয়। উক্ত আদালত তাকে ০১(এক) মাসের সশ্রম কারাদণ্ড এবং ৩০০০/- টাকা জরিমানা দণ্ড প্রদান করেন। তিনি উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে ক্রিমিনাল আপীল নং-১৬৫৬/২০১৫ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ নিম্ন আদালতের রায় বাতিল করে গত ০৬/০৮/২০১৫খ্রি. তারিখে তাকে বেকসুর খালাস প্রদান করেন। ভারপ্রাপ্ত আইন কর্মকর্তার তথ্য অনুযায়ী দেখা যায় যে, মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের বিরুদ্ধে এ যাবত কোন আপীল দায়ের করা হয়নি। আপীল দায়ের না হওয়ায় সংশ্লিষ্ট কর্মচারীর অধিদপ্তরের ২০/১১/২০০৪খ্রি. তারিখের প্রাতিঃ/৫৮/২০০২/১১৫৩/১(৬) নং স্মারকে জারীকৃত সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল।

তার সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকাল হিসেবে গণ্য করা হবে এবং বিধি মোতাবেক তিনি পাওনাদি প্রাপ্য হবেন।

স্বাক্ষরিত/-

১৮/০৮/১৬

(শেখ আব্দুল আহাদ)

মহাপরিচালক

☎ ৮১৭০৪৮৫

e-mail: dg@dlrs.gov.bd

স্মারক নং- ৩১.০৩.২৬৯২.০০২.২৭.১১০.১৫- ২০৬৯ (২০)


তারিখঃ ০৬/০৫/১৪২৩ বঙ্গাব্দ
২৮/০৮/২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ-

১-২. পরিচালক (ভূমি রেকর্ড/প্রশাসন), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

৩. জোনাল সেটেলমেন্ট অফিসার, নোয়াখালী।
৪. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফেনী।
৫. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফেনী সদর, ফেনী।
৬. সহকারী সেটেলমেন্ট অফিসার, সহকারী সেটেলমেন্ট অফিসারের কার্যালয়, ফেনী সদর, ফেনী।
৭. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
৮. জনাব মোঃ জয়নাল আবেদীন, প্রাক্তন পেশকার, উপজেলা সেটেলমেন্ট অফিস, ফেনী সদর, ফেনী।
৯. আইসিটি শাখা, ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
১০. দপ্তর লিপি


তাম্ময় দাস

উপ-পরিচালক (প্রশাসন),
ফোন ৯১১৪০৭৮